# রোহিঙ্গা ক্যাম্পের ২৫ হাজার ঘর সরিয়ে নেয়া হতে পারে

ঢাকা, ১২ ফেব্রম্নয়ারি ২০১৮

ঘর্ণিঝড় ও পাহাড় ধস বিবেচনায় রোহিঙ্গা ক্যাম্পের ২৫ হাজার ঘর অন্যত্র সরিয়ে নেয়া হতে পারে। এ ঘরগুলো প্রথম দিকে রোহিঙ্গা পরিবারগুলো পাহাড়ের ছড়ায় ও খাড়া ঢালে অপরিকল্পিতভাবে তৈরী করেছিল। বর্তমানে ঝুঁকিপূর্ণ না হলেও ঘূর্ণিঝড় বা অতিবৃষ্টিজনিত কারনে পাহাড় ধস হলে এ ঘরগুলো ঝুঁকিতে পড়তে পারে। সে বিবেচনায় পূর্ব প্রস্তুতি হিসেবে ঘরগুলো সরিয়ে নেয়ার পরিকল্পণা করা হয়। সরিয়ে নেয়ার জন্য নতুন স্থান নির্ধারনের জন্য কমিটি গঠন করা হয়েছে। তাদের দ্রম্নত সময়ের মধ্যে স্থান নির্ধারণ করে দিতে বলা হয়েছে।

আজ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের সচিব মোঃ শাহ্ কামালের সভাপতিত্বে ‘বাংলাদেশে আশ্রয় গ্রহণকারী বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমারের নাগরিকদের ক্যাম্পে আইন-শৃংখলা, নিরাপত্তা বিধান, মহামারি, অগ্নিকা-, ঘূর্ণিঝড় ও অন্যান্য দুর্যোগে করণীয় নিধারণ’ বিষয়ক আন্তঃমন্ত্রণালয় সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।



সভায় পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, রোহিঙ্গারা জ্বালানীর জন্য স্থানীয় বনবিভাগের কাছ কেটে নষ্ট করে ফেলেছে। তাই আগামী মৌশুমে পাহাড়ের খালী জায়গাসমূহে নতুন করে গাছ লাগানো হবে। ক্যাম্পের আশেপাশে বন্য হাতির আক্রমনে এ যাবৎ ১১ লোকের মৃত্যু হয়েছে বলে অবহিত করেন বন বিভাগ। হাতি চলাচলের রাস্তা অবারিত করতে পথগুলো দ্রম্নত চিহ্নিত করে লালপতাকা টানিয়ে দিতে বনবিভাগকে সভায় অনুরোধ করা হয়।

কক্সবাজার জেলা পুলিশ বিভাগ থেকে জানানো হয়, ক্যাম্পের আইন-শৃংখলা সুষ্ঠুভাবে তদারকির জন্য ৫টি ক্যাম্প স্থাপন করা হয়েছে। তারা নিয়মিত টহল দিচ্ছেন। ক্যাম্পের নিরাপত্তা বেষ্টনী নির্মাণের জন্য রোহিঙ্গা ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারকে এলাকা নির্ধারণ ও সেনাবাহিনীকে নির্মাণ ব্যয়ের প্রকলস্নন তৈরী করে দ্রম্নত মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ করা হয়।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি সভাকে জানান, ১১ ফেব্রম্নয়ারি পর্যন্ত্ম ১০,৬৬,০৮৮ জন রোহিঙ্গার নিবন্ধন সম্পন্ন হয়েছে। এর মধ্যে কারো নাম একাধিকবার রেজিস্ট্রেশন হয়েছে কিনা পরীক্ষা করার জন্য সংশিস্নষ্ট সফটওয়ার সংযুক্ত করা হচ্ছে বলে সভায় অবহিত করা হয়। বাংলাদেশী-রোহিঙ্গার মধ্যে বিবাহ নিরম্নৎসাহিত করতে ব্যবস্থা গ্রহণের জন্য কক্সবাজার জেলা প্রশাসন ও সংশিস্নষ্টদের অনরোধ করা হয়। রোহিঙ্গারা যাতে কোনভাবেই ইউনিয়ন চেয়ারম্যানদের কাছ থেকে নিবন্ধনপত্র নিয়ে পাসপোর্ট সংগ্রহ করতে না পারে সে বিষয়ে গভীর সতর্ক থাকার জন্য স্থানীয় প্রশাসনকে নির্দেশনা দেওয়া হয় সভায়।

(মোহাম্মদ ওমর ফারম্নক দেওয়ান)
সিনিয়র তথ্য অফিসার
০১৯৪৩৪৪৬৩২৩